গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল
সংস্থাপন-২ শাখা
www.barisaldiv.gov.bd

১৬ শ্রাবণ ১৪৩১

নম্বর : ০৫.১০.০০০০.০০২.১৩.০৬০.২৩.১১৫ তারিখ : --------------------
৩১ জুলাই ২০২৪

নিয়োগ পত্র

বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল-এর ০২ জুলাই ২০২৪ তারিখের ২০২৪/২৩তম সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে মেধাক্রম অনুসারে সংরক্ষিত অপেক্ষমাণ তালিকা হতে সুপারিশকৃত এবং সন্তোষজনক পুলিশ প্রতিবেদন ও স্বাস্থ্য সনদের আলোকে বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল-এর রাজস্ব খাতভুক্ত "অফিস সহায়ক"-এর শূন্য পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ২০তম গ্রেডে (৮২৫০-৮৬৭০-৯১১০-৯৫৭০-১০০৫০-১০৫৬০-১১০৯০-১১৬৫০-১২২৪০-১২৮৬০-১৩৫১০-১৪১৯০-১৪৯০০-১৫৬৫০-১৬৪৪০-১৭২৭০-১৮২৪০-১৯০৫০-২০০১০/- টাকার বেতন স্কেলে) নিম্নবর্ণিত প্রার্থীগণকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রম	রোল নম্বর	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং স্থায়ী ঠিকানা	নিজ জেলা
০১	১৩০১৭০৪	নাম : মোঃ রাসেল হোসেন, পিতা : মোঃ আনোয়ার হোসেন, মাতা : কুরছিয়া বেগম গ্রাম : বড় কৈবর্তখালী, ডাকঘর : বড় কৈবর্তখালী, পোস্টকোড : ৮৪১০, উপজেলা : রাজাপুর, জেলা : ঝালকাঠি।	ঝালকাঠি
০২	১৩০২০৫৯	নাম : মোঃ রাশেদুল হাসান, পিতা : মোঃ আবু সাইদ, মাতা : রাশেদা বেগম গ্রাম : সকিনা, ডাকঘর : সকিনা, পোস্টকোড : ৮৭১০, উপজেলা : তালতলী, জেলা : বরগুনা।	বরগুনা

নিয়োগের শর্তাবলী:

০১। যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

০২। চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি যে কোনো সময় অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবে;

০৩। নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ যোগদানের তারিখ থেকে ০২(দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবেন;

০৪। যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে;

০৫। চাকরিতে তাদের জ্যেষ্ঠতা বিধি মোতাবেক নির্ধারিত হবে;

০৬। চাকরিতে যোগদানের সময় নিম্নলিখিত সনদপত্র/কাগজপত্রসমূহ দাখিল করতে হবে

ক. ডাউনলোডকৃত আবেদনপত্র (রঙিন প্রিন্ট)-০২ (দুই) কপি

খ. ডাউনলোডকৃত পরীক্ষার প্রবেশপত্র (রঙিন প্রিন্ট)-০২ (দুই) কপি

গ. শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের ফটোকপি-০২ (দুই) সেট (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)

ঘ. জাতীয় পরিচয়পত্রের ফটোকপি-০২ (দুই) কপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)

ঙ.সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত স্থায়ী ঠিকানার নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি-০২ (দুই) কপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)

চ. সাম্প্রতিক তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)

ছ. নিয়োগপত্রের ফটোকপি-০২ (দুই) কপি

জ. যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্রের ফটোকপি-০২ (দুই) সেট (প্রযোজ্য ক্ষেত্রে)

ঝ. কোটার সনদপত্রের ফটোকপি (মুক্তিযোদ্ধা/এতিম ও শারীরিক প্রতিবন্ধী/আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য)-০২ (দুই) সেট (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) (প্রযোজ্য ক্ষেত্রে)

০৭। চাকরিতে যোগদানের ১০ (দশ) কার্যদিবসের মধ্যে ব্যাংক হিসাব খুলে উহার তথ্য (ব্যাংক হিসাবের নাম, ব্যাংক হিসাব নম্বর, ব্যাংক শাখার নাম ও রাউটিং নম্বর) এবং নিজ মোবাইল নম্বর লিখিতভাবে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে (যা দ্বারা বেতন নির্ধারণ করা হবে এবং ভবিষ্যতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না) ;

০৮। চাকরিতে যোগদানের পরে নির্ধারিত ফরমে নিজ সম্পদ ও সম্পত্তির বিবরণী যথাযথ কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে ;

(চলমান পাতা-০২)

০৯। প্রার্থী যদি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকেন তবে তার/তাদের এ নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে;

১০। প্রার্থীকে চাকরিতে যোগদানকালে যোগদানপত্রের সাথে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না বা কোন যৌতুক দিবেন না;

১১। নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ যে কোনো 'বিষয়' প্রচলিত আইন ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;

১২। চাকরিতে যোগদানের জন্য প্রার্থীকে ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা প্রদান করা হবে না;

১৩। উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদান করতে সম্মত হলে আগামী ১১ আগস্ট ২০২৪ তারিখ পূর্বাহ্নে "বিভাগীয় কমিশনার, বরিশাল"-এর বরাবরে স্বহস্তে লিখিত যোগদানপত্রসহ চাকরিতে যোগদান করতে হবে।

স্বাঃ /-
মোঃ শওকত আলী
বিভাগীয় কমিশনার, বরিশাল
ফোন : ০২৪৭৮৮৬৫০৩৮
e-mail : divcombarisal@mopa.gov.bd

নম্বর : ০৫.১০.০০০০.০০২.১৩.০৬০.২৩.১১৫(২২)

তারিখ : ১৬ শ্রাবণ ১৪৩১ / ৩১ জুলাই ২০২৪

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। উপপুলিশ মহাপরিদর্শক, বরিশাল রেঞ্জ, বরিশাল ও সদস্য, বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল।
০৪। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব), বরিশাল।
০৫। জেলা প্রশাসক, বরগুনা/ঝালকাঠি।
০৬। উপসচিব, উদ্বৃত্ত কর্মচারী শাখা/বাজেট ও অডিট অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, বরগুনা/ঝালকাঠি।
০৮। সিভিল সার্জন, বরগুনা/ঝালকাঠি।
০৯। ডিভিশনাল কন্ট্রোলার অব এ্যাকাউন্টস, বরিশাল।
১০। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, বরিশাল ও সদস্য-সচিব, বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল।
১১। সিনিয়র সহকারী কমিশনার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।
১২। সহকারী কমিশনার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল (এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বরিশাল অঞ্চল, বরিশাল ও সদস্য, বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল।
১৪। সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয়, বরিশাল ও সদস্য, বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল।
১৫। হিসাবরক্ষক, সংস্থাপন-২ শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।
১৬। জনাব মোঃ রাসেল হোসেন, পিতা : মোঃ আনোয়ার হোসেন, মাতা : কুরছিয়া বেগম, গ্রাম : বড় কৈবর্তখালী, ডাকঘর : বড় কৈবর্তখালী, পোস্টকোড : ৮৪১০, উপজেলা : রাজাপুর, জেলা : ঝালকাঠি।
১৭। জনাব মোঃ রাশেদুল হাসান, পিতা : মোঃ আবু সাইদ, মাতা : রাশেদা বেগম, গ্রাম : সকিনা, ডাকঘর : সকিনা, পোস্টকোড : ৮৭১০, উপজেলা : তালতলী, জেলা : বরগুনা।

৩১/০৭/২৪
এম. সাইফুল্লাহ
সিনিয়র সহকারী কমিশনার
ফোন : ০২৪৭৮৮৬৫০৩৮